

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৯৪

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ অতিরঞ্জন ও বাড়াবাড়ি বিষয়ক কতিপয় হাদীস

আরবী

عَنْ غُضَيْف بْنِ الْحَارِثِ قَالَ قُلْتُ لِعَائِشَةَ أَرَأَيْتِ رَسُولَ اللهِ عَلَيْ كَانَ يَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ فِي أُوَّلِ اللَّيْلِ أَوْ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا اغْتَسلَ فِي أُوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا اغْتَسلَ فِي الْجَنَابَةِ فِي أُوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا اغْتَسلَ فِي الْجَرِهِ قُلْتُ أَلْيُلِ وَرُبَّمَا اللهِ عَلَيْ اللهِ عَلَيْ الله أَكْبَرُ الْحَمْدُ لِلهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ أُرَأَيْتِ رَسُولَ اللهِ عَلَيْ كَانَ يُوتِرُ أُوَّلَ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا أَوْتَرَ فِي أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا أَوْتَرَ فِي الْمُرِ سَعَةً قُلْتُ أَرَأَيْتِ رَسُولَ اللهِ عَلَيْ كَانَ قُلْتُ اللهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ الَّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ اللهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ اللهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ اللهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً قُلْتُ اللهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً وَلُكَ عَلَى اللّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً اللهُ أَكْبُولُ اللّهُ أَكْبُرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً اللهُ أَكْبُرُ الْحَمْدُ لِلهِ اللّذِي جَعَلَ فِي الأَمْرِ سَعَةً

বাংলা

(২২৯৪) গুযাইফ বিন হারেস বলেন, একদা আমি আয়েশা (রাঃ) কে জিজ্ঞাসা করলাম যে, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম রাতে নাপাকীর গোসল করতেন, নাকি শেষ রাতে?' তিনি প্রত্যুত্তরে বললেন, 'কোন রাতে তিনি প্রথম ভাগে গোসল করতেন, আবার কোন কোন রাতে শেষ ভাগে।' আমি বললাম, 'আল্লাহু আকবার! সেই আল্লাহর প্রশংসা যিনি (দ্বীনের) ব্যাপারে প্রশস্ততা রেখেছেন।' অতঃপর আমি জিজ্ঞাসা করলাম, 'তিনি বিতরের নামায প্রথম রাত্রিতে পড়তেন, নাকি শেষ রাত্রিতে?' তিনি বললেন, 'কখনো তিনি প্রথম রাত্রিতে বিতর পড়তেন, আবার কখনো শেষ রাত্রিতে।'

আমি বললাম, 'আল্লাহু আকবার! সেই আল্লাহর প্রশংসা যিনি (দ্বীনের) ব্যাপারে প্রশস্ততা রেখেছেন।' পুনরায় আমি জিজ্ঞাসা করলাম, 'তিনি (তাহাজ্জুদের নামাযে) সশব্দে কিরাআত পড়তেন, নাকি নিঃশব্দে?' উত্তরে তিনি বললেন, 'তিনি কখনো সশব্দে পড়তেন, আবার কখনো নিঃশব্দে।' আমি বললাম, 'আল্লাহু আকবার! সেই আল্লাহর প্রশংসা যিনি (দ্বীনের) ব্যাপারে প্রশস্ততা রেখেছেন।'

ফুটনোট



(সহীহ আবূ দাউদ ২২৬, ইবনে মাজাহ ১৩৫৪, মিশকাত ১২৬৩ সনদ সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন